# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৩৮

১১/ জানাযা

পরিচ্ছেদঃ রোগের চিকিৎসা

## আরবী

وَعَنْ سَعِيدِ بنِ زَيدٍ قَالَ : سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ يَقُوْلُ اَلكَمْأَةُ مِنَ المَنِّ وَمَاؤُهَا شِفَاءٌ لِلْعَيْنِ

## বাংলা

(১২৩৮) সাঈদ ইবনে যায়েদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, ছত্রাক 'মান্ন্'-এর অন্তর্ভুক্ত আর এর রস চক্ষুরোগ নিরাময়কারী। (বুখারী-মুসলিম)

## ফুটনোট

* (প্রকাশ থাকে যে, বানী ইসরাঈলের উপর 'মান্ন্' নামক খাদ্য (মধুর ন্যায় মিষ্ট বরফ বা পানি) আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ করা হত। যেহেতু তারা তা বিনা কষ্টে ও পরিশ্রমে লাভ করত সেহেতু ছত্রাককে তারই শ্রেণীভুক্ত বলা হয়েছে। কেননা, এটি বিনা কষ্টে ও বিনা যত্নে পাওয়া যায়।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন